

## সংবাদ বিজ্ঞপ্তি

### বাংলাদেশ এবং বিশ্বব্যাংকের ৫০ বছরের অংশীদারিত্ব উদযাপন করলেন বিশ্বব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক

ঢাকা, জানুয়ারি ২২, ২০২৩ - বিশ্বব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ( অপারেসনস্) অ্যাঞ্জেলা ভ্যান ড্রোজেনবার্গ বাংলাদেশের সাথে ৫০ বছরের ফলপ্রসূ অংশীদারিত্ব উদযাপনকালে, বাংলাদেশের প্রতি বিশ্বব্যাংকের দৃঢ় সহায়তার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন।

**ভ্যান ড্রোজেনবার্গ** বলেন, " বাংলাদেশ অগ্রগতি অর্জন করেছে, ১৯৭১ সালে স্বাধীনতার সময় বিশ্বের অন্যতম দরিদ্রতম দেশ থেকে ২০১৫ নিম্ন-মধ্যম আয়ের দেশে রূপান্তরিত হয়েছে। বিশ্বব্যাংক বাংলাদেশের প্রথম উন্নয়ন সহযোগীder onnotomo হিসেবে এই যাত্রায় অংশীদার হতে পেরে গর্বিত এবং আমরা একে অপরের কাছ থেকে শিখেছি যে, উন্নয়ন কীভাবে কাজ করে।"

তিনি আজ মাননীয় অর্থমন্ত্রী, এবং বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়ার ভাইস প্রেসিডেন্ট মার্টিন রেইজারসহ বাংলাদেশ ও বিশ্বব্যাংকের ৫০ বছরের অংশীদারিত্ব উদযাপন অনুষ্ঠানে অংশ নেন।

তারা বিগত পাঁচ দশকে বাংলাদেশের উল্লেখযোগ্য অগ্রগতি তুলে ধরার এক আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন এবং একটি প্যানেল আলোচনায় অংশ নেন। অনুষ্ঠানটি বাংলাদেশের ullekhjogyo উন্নয়ন অর্জনের স্বীকৃতি দেওয়ার এবং ২০৩১ সালের মধ্যে একটি উচ্চ-মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্য অর্জনে এগিয়ে যাবার অনুপ্রেরণা যোগায়।

**ভ্যান ড্রোজেনবার্গ** বলেন, "prithibir onnannyo desher motoi, Bangladesh ochintoniyo boishshik challenger mukhumukhi., কোভিড-১৯, ইউক্রেনে russiana agrashon, এবং জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট অনিশ্চয়তা ও চ্যালেঞ্জের সময়ে আমরা বাংলাদেশকে এর উন্নয়ন লক্ষ্যগুলো অর্জনের পথে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

গত পাঁচ দশকের অসাধারণ যাত্রায় বিশ্বব্যাংক বাংলাদেশের অবিচল অংশীদার ছিল। ১৯৭২ সালের আগস্ট মাসে বাংলাদেশ বিশ্বব্যাংক গ্রুপের সদস্য হয়। ১৯৭২ সালের নভেম্বর মাসে বাংলাদেশে বিশ্বব্যাংক প্রথম প্রকল্প হাতে নেয়, যার মাধ্যমে যুদ্ধ-বিধ্বস্ত বাংলাদেশের পরিবহন ও যোগাযোগ, কৃষি ও শিল্পের পুনঃপ্রতিষ্ঠা এবং নির্মাণ ও বিদ্যুৎ খাতের সহায়তার জন্য ৫০ মিলিয়ন ডলারের জরুরি পুনরুদ্ধার ঋণ দেওয়া হয়। একই সময়ে বিশ্বব্যাংক ৪টি প্রকল্প পুনরায় চালু করে, যা স্বাধীনতার আগে অনুমোদিত হয়েছিল।

স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত বিশ্বব্যাংক বাংলাদেশের উন্নয়ন চ্যালেঞ্জগুলো অতিক্রমে ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশনের ( আইডিএ) আওতায় অনুদান, সুদবিহীন ঋণ এবং নমনীয় ঋণ হিসেবে প্রায় ৩৯ বিলিয়ন ডলারের প্রতিশ্রুতি দিয়েছে। ৫৩ টি চলমান প্রকল্পে প্রায় ১৫.৩ বিলিয়ন

ডলারের অর্থায়নের মাধ্যমে বর্তমানে বাংলাদেশ সর্ববৃহৎ আইডিএ কর্মসূচির বাস্তবায়ন চলছে এবং বিশ্বব্যাপক বাংলাদেশের সবচেয়ে বড় উন্নয়ন অংশীদার।

**Contacts:**

*In Dhaka:* Mehrin Ahmed Mahbub, (880-2) 55667777, mmahbub@worldbank.org *In Washington:* Diana Chung, (202) 473-8357, dchung1@worldbank.org

For more information, please visit: <http://www.worldbank.org/bd>

Visit us on Facebook: <http://www.facebook.com/worldbankbangladesh>

